আমাদের সময়

তারিখ 02 OCT 2015
পৃষ্ঠা ৭ কলাম ৮

# ত্রিশালে পথহারা শিশু একাডেমি ভেঙে দিয়েছে দুর্বৃত্তরা

ত্রিশাল প্রতিনিধি •

ময়মনসিংহের ত্রিশাল উপজেলায় পথহারা শিশুদের জন্য প্রতিষ্ঠিত একমাত্র শিক্ষা প্রতিষ্ঠান পথহারা শিশু একাডেমির ভবন, সাইনবোর্ড, ব্লাকবোর্ডসহ বিদ্যালয়ের আসবাব ভেঙে দিয়েছে দুর্বৃত্তরা। বুধবার রাতের কোনো এক সময় এ ঘটনা ঘটে। এতে এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

এলাকাবাসী ও ত্রিশাল থানা সূত্রে জানা যায়, উপজেলার বালিপাড়া বাজারের গোদারাঘাটে প্রতিষ্ঠিত ছিন্নমূল ও পথহারা শিশুদের একমাত্র শিক্ষা প্রতিষ্ঠান পথহারা শিশু একাডেমির ভবনটি বুধবার রাতে দুর্বৃত্তরা ভেঙে দিয়েছে। একইসঙ্গে স্কুলের সব আসবাবপত্রও কুপিয়ে নষ্ট করা হয়। গতকাল বৃহস্পতিবার স্কুলের শিশুরা পাঠ নিতে পারেনি। স্কুলের সাইনবোর্ডটিও ভেঙে পুকুরে ফেলে দিয়েছে দুর্বৃত্তরা।

স্কুলের প্রধান শিক্ষক আব্দুল কাইয়ুম জানান, বিনা বেতনে ও বিনামূল্যে বই দিয়ে স্কুলটি প্রতিষ্ঠার পর থেকে শিক্ষার্থীদের পড়ানোর চেষ্টা করছি। আমার লেখাপড়ার খরচ থেকে টাকা বাঁচিয়ে ছিন্নমূল শিশুদের খাতা, কলম, চক ও বই কিনে দিই। কিন্তু এ ছোট ছোট শিশুদের পাঠশলাটি ভেঙে দেওয়া হয়েছে। বালিপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম মোহাম্মদ বাদল জানান, পথহারা শিশুরদের পাঠদানের কথা শুনে তাদের জন্য এ ঘরটি বরাদ্দ দেওয়া হয়েছিল। ছিন্নমূল শিশুরা ভালো লেখাপড়া করে আসছিল। এর মধ্যে এ ঘটনা ঘটে। ত্রিশাল থানার ওসি মনিরুজ্জামান বলেন, বিষয়টি আমার জানা নেই, তবে অভিযোগ করলে ব্যবস্থা নেওয়া হবে।